গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নং- -১৮.০০.০০০০.০০৫.১৬.০০২.১৫.১৭৬ তারিখঃ ১১ আষাঢ় ১৪৩০ / ২৫ জুন ২০২৩

**বিষয়ঃ পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে অনুষ্ঠিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-আযহা-২০২৩ উপলক্ষ্যে সদরঘাট, ঢাকা হতে দূরপাল্লাগামী লঞ্চ, পাটুরিয়া-দৌলতদিয়া, পাটুরিয়া-কাজীরহাট, চাঁদপুর-শরীয়তপুর, নারায়ণগঞ্জ-মুন্সীগঞ্জ, ভোলা-লক্ষ্মীপুর এবং লাহারহাট-ভেদুরিয়া রুটে ফেরি সার্ভিস ও দেশের বিভিন্ন নৌপথে স্টিমার, লঞ্চসহ জলযানসমূহ সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যথাযথ কর্মপন্থা গ্রহণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ৩১-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে **সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাপতিত্বে** গত ২০-০৬-২০২৩ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

২৫/০৬/২৩
(মোহাঃ আমিনুর রহমান)
উপসচিব
ফোন: ৫৫১০০৮০৪
E-mail: ds.ta@mos.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত আইজিপি, নৌপুলিশ হেডকোয়ার্টার্স, পুলিশ প্লাজা কনকর্ড টাওয়ার, গুলশান-১, ঢাকা।
৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, বাংলামোটর, ঢাকা।
৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৫। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৬। মহাপরিচালক, কোস্টগার্ড, ব্লক-ই, প্লট ১২/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৭। জেলা প্রশাসক, ঢাকা/চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/চাঁদপুর/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/পাবনা/রাজবাড়ী/মাদারীপুর/বরিশাল/ঝালকাঠি/পটুয়াখালী/শরিয়তপুর/খুলনা/ভোলা/বরগুনা/লক্ষীপুর/পিরোজপুর।
৮। পুলিশ সুপার, ঢাকা/চট্টগ্রাম/ নারায়ণগঞ্জ/চাঁদপুর/ মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/পাবনা/ রাজবাড়ী/মাদারীপুর/বরিশাল/ঝালকাঠি/ পটুয়াখালী/শরিয়তপুর/খুলনা/ভোলা/বরগুনা/লক্ষীপুর/পিরোজপুর।
৯। পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০। সভাপতি, বাঅনৌচ (যাত্রী পরিবহন) সংস্থা, ১৪ পুরানা পল্টন, দারুস সালাম আর্কেড (৫ম তলা), ঢাকা।
১১। সভাপতি, লঞ্চ মালিক সমিতি বাংলাদেশ, সদরঘাট টার্মিনাল ভবন, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (সংস্থা-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (টিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে দেশের অভ্যন্তরীণ নৌপথে জলযানসমূহের সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যথাযথ কর্মপন্থা গ্রহণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ৩১-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ২০-০৬-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা কামাল
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ : ২০-০৬-২০২৩ খ্রি.।
সময় : বেলা ০২:৩০ ঘটিকা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভার সভাপতি জনাব মোঃ মোস্তফা কামাল, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রেক্ষাপট বর্ণনা করে সভাপতি বলেন, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে দেশের অভ্যন্তরীণ নৌপথে জলযানসমূহের সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যথাযথ কর্মপন্থা গ্রহণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ৩১-০৫-২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আজকের এ সভার আয়োজন করা হয়েছে। তিনি উক্ত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে বলেন, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে নৌপথে যাত্রী সাধারণকে নিরাপদ ও দুর্ভোগমুক্তভাবে গন্তব্যে পৌঁছানোর সকল প্রস্তুতি যথাযথভাবে গ্রহণ করতে হবে। অত:পর সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব (টিএ) জনাব মোহাঃ আমিনুর রহমান গত ৩১-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। এরপর সভায় উপস্থিত সকলকে এ বিষয়ে মতামত প্রদানের জন্য সভাপতি আহ্বান জানান।

**২.০ আলোচনা:**

২.১. ড. এ. কে. এম মতিউর রহমান, অতিরিক্ত সচিব(সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয় ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি বলেন, গত ১৮-০৬-২০২৩ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যাত্রীবাহী লঞ্চে বড় করে দৃশ্যমান স্থানে উক্ত লঞ্চের যাত্রী ধারণ ক্ষমতা এবং গন্তব্য স্থানের নাম লিখে রাখা, কোরবানীর পশুবাহী নৌযানকে যাত্রাপথে না থামানো এবং কোরবানীর পশুবাহী নৌযানের গন্তব্য স্থানের নাম লিখে রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।

২.২. কমডোর মোহাম্মদ মাকসুদ আলম, মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বলেন, ঈদের আগে ৩দিন, ঈদের দিন এবং ঈদের পরে ৩দিনসহ মোট ৭দিন বাল্কহেড চলাচল বন্ধ রাখা প্রয়োজন। তিনি বলেন, মালামাল ধারণ ক্ষমতা নৌযানের দৃশ্যমান স্থানে বড় করে লিখে রাখা এবং নদীর পানি দুষণ রোধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২.৩ জনাব মোহাম্মদ মনোয়ার উজ জামান , সদস্য (পরিকল্পনা ও পরিচালন), বিআইডব্লিউটিএ বলেন, গত ৩১-০৫-২০২৩ তারিখে মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি লঞ্চে কয়টি মোটর সাইকেল পরিবহণ করতে পারবে তা এবং মোটর সাইকেল পরিবহণের ভাড়া বিআইডব্লিউটিএ কর্তৃক নির্ধারণ করা হয়েছে। তিনি আরও বলেন, ঈদের আগে ও পরে সদরঘাট থেকে ১৫০ ফুট দৈর্ঘ্য পর্যন্ত প্রতিটি লঞ্চে ২টি করে, ১৫১ থেকে ২০০ ফুট দৈর্ঘ্য পর্যন্ত প্রতিটি মাঝারী লঞ্চে ৪টি করে এবং ২০১ থেকে ৩০০ ফুট পর্যন্ত প্রতিটি বড় লঞ্চে ৬টি করে মোটর সাইকেল পরিবহণ করেত পারবে। প্রতিটি মোটর সাইকেল চাঁদপুর পর্যন্ত পরিবহণের ভাড়া ৩০০ টাকা এবং চাঁদপুরের ডাউনে পরিবহণের ভাড়া ৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে।

২.৪ জনাব মহা: আছাদুর রহমান, উপপরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর আগামী ২৫-০৬-২০২৩ হতে ০৪-০৭-২০২৩ তারিখ পর্যন্ত আবহাওয়া অধিদপ্তর কর্তৃক জারিকৃত আবহাওয়ার পূর্বাভাস সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, এ সময় কোনো ঘূর্ণিঝড়ের আশংকা নেই। এ সময় আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থেকে মেঘাচ্ছন্ন থাকতে পারে, অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি ও বজ্রবৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও মাঝারী ধরনের ভারি থেকে অতি ভারি বর্ষণ হতে পারে।

২.৭ সভাপতি এ পর্যায়ে বলেন, আসন্ন ঈদ-উল-আযহা চলমান বর্ষা মৌসুমে অনুষ্ঠিত হবে এবং আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী এ সময় নদীর পানি বাড়বে। ফলে নৌযান চলাচলের ক্ষেত্রে নিবিড় তদারকি (Intensive Monitoring) করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে। তিনি বলেন, নৌপথে অতিরিক্ত যাত্রী পরিবহন নৌদুর্ঘটনার অন্যতম প্রধান কারণ। তাই নৌযানে ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী পরিবহন বন্ধ করতে হবে। তিনি নদী বন্দর, ঘাট, পয়েন্ট এবং ফেরিঘাটসমূহের টার্মিনাল ভবন ও টয়লেট কমপ্লেক্স ঈদের সময় প্রতিদিন কমপক্ষে ৩ বার করে পরিস্কার পরিচ্ছন্ন করা, টার্মিনাল ভবন, পন্টুন, জেটি এবং গ্যাংওয়েতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা, সদরঘাটসহ অন্যান্য টার্মিনাল ভবনের যে সকল টাইলস নষ্ট হয়ে গেছে সে সকল টাইলস ব্লাক স্টোন দিয়ে মেরামত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০ **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে গত ৩১-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহসহ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপের জন্য সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন:

| ক্রঃনং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | আবহাওয়া সংকেত অনুযায়ী নৌযান পরিচালনা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নিবিড় তদারকি (Intensive Monitoring) করতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, বাঅনৌচ(যাপ)সংস্থা ও লঞ্চ মালিক সমিতি |
| ২ | বিআইডব্লিউটিএ'র হট লাইন নম্বর (১৬১১৩), সচেতনতামূলক বাণী এবং গত ৩১/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও অনুশাসনসমূহ সকলের অবগতির জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিআইডব্লিউটিএ |
| ৩ | নৌযানে ধারণ ক্ষমতার অতিরিক্ত যাত্রী পরিবহন বন্ধ করতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, বাঅনৌচ(যাপ)সংস্থা ও লঞ্চ মালিক সমিতি |
| ৪ | সদরঘাটসহ সকল নদী বন্দর, ফেরিঘাট/লঞ্চঘাটের টার্মিনাল ভবনের ময়লা আবর্জনা ও টয়লেট কমপ্লেক্স ঈদের সময় প্রতিদিন কমপক্ষে ৩ বার করে পরিস্কার পরিচ্ছন্ন করে ব্যবহার উপযোগী রাখতে হবে; | বিআইডব্লিউটিএ |
| ৫ | নদী বন্দরের/লঞ্চ ঘাটের টার্মিনাল ভবন, পন্টুন, জেটি এবং গ্যাংওয়েতে সার্বক্ষণিক পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে; | বিআইডব্লিউটিএ, সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও বিদ্যুৎ বিভাগ |
| ৬ | সদরঘাটসহ অন্যান্য টার্মিনাল ভবনের যে সকল টাইলস নষ্ট হয়ে গেছে ব্লাক স্টোন এর ম্যাধ্যমে সে সকল টাইলস পুন:স্থাপন করতে হবে; | বিআইডব্লিউটিএ |
| ৭ | যাত্রীবাহী লঞ্চের দৃশ্যমান স্থানে বড় করে উক্ত লঞ্চের ধারণ ক্ষমতা এবং গন্তব্য স্থানের নাম লিখে রাখতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, বাঅনৌচ(যাপ)সংস্থা ও লঞ্চ মালিক সমিতি |
| ৮ | যাত্রাপথে কোরবানীর পশুবাহী নৌযানকে থামানো যাবে না এবং কোরবানীর পশুবাহী নৌযানের গন্তব্য স্থানের নাম উক্ত নৌযানের দৃশ্যমান স্থানে বড় করে লিখে রাখতে হবে; | নৌপুলিশ, জেলা পুলিশ ও বাংলাদেশ কোস্টগার্ড |
| ৯ | আসন্ন ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে আগামী ২৬/০৬/২০২৩ তারিখ হতে ০২/০৭/২০২৩ তারিখ পর্যন্ত দিন রাত সার্বক্ষণিক সকল ধরনের বাল্কহেডের চলাচল বন্ধ থাকবে। বালুবাহী বাল্কহেডের চলাচল বন্ধ করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। মোবাইল কোর্ট পরিচালনার বিষয়টি মিডিয়ায় ব্যাপক প্রচার করতে হবে এবং এ বিষয়ে বিজ্ঞপ্তি জারি করতে হবে; | নৌপরিবহন অধিদপ্তর |
| ১০ | নৌযানের ময়লা আবর্জনা যাতে নদীতে ফেলা না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিসি, বাঅনৌচ(যাপ)সংস্থা ও লঞ্চ মালিক সমিতি |
| ১১ | লঞ্চের যাত্রী সাধারণের উঠা-নামাসহ চলাচলের ক্ষেত্রে অসুবিধা না করে ঈদের সময় বিআইডব্লিউটিএ নির্ধারিত নিয়মকানুন অনুসরণ করে সীমিত পরিসরে মোটর সাইকেল পরিবহণে অনুমতি দিতে পারবে। | বিআইডব্লিউটিএ |
| ১২ | লঞ্চ/ফেরির সকল স্টাফকে নির্ধারিত ইউনিফর্ম পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে; | বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি |
| ১৩ | প্রত্যেক লঞ্চে প্রশস্ত সিঁড়ি এবং সিঁড়ির দুই পাশে মজবুত রেলিং এর ব্যবস্থা করতে হবে; | বিআইডব্লিউটিএ, নৌপরিবহন অধিদপ্তর, লঞ্চ মালিক সমিতি ও বাঅনৌচ (যাপ) সংস্থা |
| ১৪ | সকল ফেরি দক্ষ মাস্টার ও ড্রাইভার দ্বারা পরিচালনার বিষয়টি নিশ্চিত করতে হবে; | বিআইডব্লিউটিসি |
| ১৫ | মোবাইল কোর্ট পরিচালনাসহ বিভিন্ন যাত্রী সেবামূলক কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগ করতে হবে; | নৌপরিবহন অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| ১৬ | ফিটনেস বিহীন কোনো নৌযান যাতে চলাচল করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর ও বিআইডব্লিউটিএ |

৪.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং সকলকে পবিত্র ঈদ-উল-আযহার অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৮/০৮

(মোঃ মোস্তফা কামাল)
সচিব